



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
ঢাকা।

Website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ

বিআরপিডি সার্কুলার লেটার নং- ১৬

২৭ শ্রাবণ ১৪৩২

তারিখ: -----

১১ আগস্ট ২০২৫

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগে বিবরণী দাখিল প্রসঙ্গে।

বাংলাদেশ ব্যাংক বিভিন্ন সার্কুলার, সার্কুলার লেটারের মাধ্যমে তফসিলি ব্যাংকসমূহ হতে ব্যাংকিং বিষয়ক বিবিধ তথ্যের হালনাগাদ বিবরণী সংগ্রহ করে থাকে। এক্ষেত্রে, বাংলাদেশ ব্যাংকের বিভিন্ন বিভাগ কর্তৃক সংগৃহীত বিবরণীসমূহ পর্যালোচনাপূর্বক তথ্যগত সামঞ্জস্য বিধান, কিছু বিবরণী দাখিলের পৌনঃপুনিকতা (frequency) হ্রাসকরণ, প্রাপ্ত তথ্যের ক্ষেত্রে পুনরাবৃত্তি এড়ানো, এবং অনাবশ্যক বিবরণীসমূহ চিহ্নিতকরণপূর্বক সেগুলো পরিহার করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। সে প্রেক্ষিতে ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ এবং ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন কর্তৃক বিভিন্ন সময়ে জারিকৃত নিম্নবর্ণিত সার্কুলার/সার্কুলার লেটারসমূহের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণপূর্বক নিম্নোক্ত নির্দেশনা অনুসরণের পরামর্শ দেয়া যাচ্ছে:

- ক) বিআরপিডি সার্কুলার নং-১১ তারিখ ১৩/০৯/২০০০, বিআরপিডি সার্কুলার লেটার নং-০১ তারিখ ০১/০১/২০০৩ এবং বিআরপিডি সার্কুলার লেটার নং-১২ তারিখ ০৪/০৯/২০১৬ এর নির্দেশনা মোতাবেক অর্থঋণ ও অন্যান্য আদালতে ব্যাংক কর্তৃক দায়েরকৃত ও নিষ্পত্তিকৃত মামলাসমূহের তথ্য সংক্রান্ত বিবরণী এ বিভাগে দাখিলের আবশ্যিকতা নেই।
- খ) ঋণ/বিনিয়োগ অবলোপন সংক্রান্ত বিআরপিডি সার্কুলার নং-০৪ তারিখ ১৮/০২/২০২৪ এর অনুচ্ছেদ নং ৫(৪) এ এতদসংক্রান্ত বিবরণীর হার্ডকপি এ বিভাগে দাখিলের পরামর্শ দেয়া হয়। তবে, T_PS_Q_LNREC_RECOVERY টেমপ্লেট এর মাধ্যমে এ সংক্রান্ত তথ্য EDW পোর্টালেও দাখিল করা হয় বিধায় উল্লিখিত হার্ডকপি বিবরণী এ বিভাগে দাখিলের আবশ্যিকতা নেই।
- গ) আমদানি পরবর্তী অর্থায়ন (Post Import Financing-PIF) সংক্রান্ত বিআরপিডি সার্কুলার নং-১২ তারিখ ১৩/০৬/২০২১ এবং ডিওএস সার্কুলার লেটার নং-৩১ তারিখ ৩০/১২/২০২৪ এর নির্দেশনা অনুসারে এতদসংক্রান্ত বিবরণীর হার্ডকপি ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশনের পাশাপাশি এ বিভাগে দাখিল করা হতো। এক্ষেত্রে, পুনরাবৃত্তি পরিহারকল্পে উক্ত বিবরণীটি শুধুমাত্র ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশনে দাখিলের পরামর্শ দেয়া যাচ্ছে।
- ঘ) বিআরপিডি সার্কুলার নং-১১ তারিখ ১২/০৫/২০২৪ এ মামলা দায়েরের পূর্বে মধ্যস্থতার মাধ্যমে খেলাপী ঋণ আদায় সংক্রান্ত বিবরণীটি অর্থঋণ ও অন্যান্য আদালতে ব্যাংক কর্তৃক দায়েরকৃত ও নিষ্পত্তিকৃত মামলাসমূহের তথ্য সংক্রান্ত বিবরণীর সাথে সংযুক্তি হিসেবে যান্যাসিক ভিত্তিতে বাংলাদেশ ব্যাংকে দাখিল করার নির্দেশনা দেয়া হয়। এক্ষেত্রে, উল্লিখিত বিবরণীর হার্ডকপি/সফটকপি স্বতন্ত্রভাবে বছরে ০২ বার (৩০ জুন ও ৩১ ডিসেম্বর ভিত্তিক) এ বিভাগে দাখিল করার নির্দেশনা দেয়া হলো।

০২। উল্লিখিত সার্কুলার ও সার্কুলার লেটারসমূহে বর্ণিত অপরাপর নির্দেশনা অপরিবর্তিত থাকবে এবং এ সার্কুলার লেটারের নির্দেশনা সেপ্টেম্বর, ২০২৫ ত্রৈমাসিক হতে কার্যকর হবে।

০৩। সংশ্লিষ্ট সকলকে উপরিউক্ত নির্দেশনা অবহিত করার জন্য পরামর্শ প্রদান করা যাচ্ছে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আলা উদ্দিন)
পরিচালক (বিআরপিডি)
ফোন: ৯৫৩০০৯৫